

## ৪৩তম বিসিএস লিখিত পরীক্ষার প্রশ্ন

বিষয়: বাংলা

বিষয় কোড: ০০২

(‘সাধারণ’ ও ‘সাধারণ ও কারিগরি /পেশাগত’ ক্যাডারের জন্য)

পূর্ণমান: ২০০

নির্ধারিত সময়: ৪ ঘণ্টা

[**দ্রষ্টব্য:** বাংলা ভাষায় উত্তর দিতে হবে। প্রত্যেক প্রশ্নের মান প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে।]

০১। নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন:-

৬×৫ = ৩০

(ক) বাংলা ভাষায় শব্দগঠনের উপায়গুলো কী কী? সমাস দ্বারা শব্দগঠনের উপায় ব্যাখ্যা করুন।

(খ) বাংলা বানানে শ, ষ, স ব্যবহারের নিয়ম লিখুন।

(গ) নিচের বাক্যগুলো শুদ্ধ করে লিখুন:

(i) রচনাটির উৎকর্ষতা অনস্বীকার্য।

(ii) সৌজন্যতার জন্য অর্থের প্রয়োজন হয় না।

(iii) শুধুমাত্র তোমার আশায় এ পর্যন্ত এলাম।

(iv) সমৃদ্ধশালী বাংলাদেশ আমাদের কাম্য।

(v) আমার সনদপত্রগুলো সত্যায়িত করা প্রয়োজন।

(vi) আজকাল সব ছাত্রছাত্রীগণ অমনোযোগী।

(ঘ) বাগধারাগুলোর অর্থ উল্লেখ করে বাক্যে প্রয়োগ দেখান:

অষ্টরম্ভা; হাঁদুর কপালে; কচ্ছপের কামড়; তুলসীবনের বাঘ; গয়ংগচ্ছ; নাটের গুরু।

(ঙ) গঠনগত দিক থেকে বাংলা বাক্য কত প্রকার ও কী কী? উদাহরণসহ ব্যাখ্যা করুন।

০২। ভাব-সম্প্রসারণ করুন:-

২০

ক) ভোগে সুখ নাই, কর্মেই প্রকৃত সুখ

অথবা,

খ) এক ঝাঁক হরিয়াল পাখি

উড়ে গেল মনে হয় দুই পায়ে হেঁটে

কতদূর যেতে পারে মানুষ একাকী।

০৩। সারমর্ম লিখুন:-

২০

(ক) মহাজ্ঞানী মহাজন যে পথে করে গমন  
হয়েছেন প্রাতঃস্মরণীয়,  
সেই পথ লক্ষ্য করে স্বীয় কীর্তি ধ্বজা ধরে  
আমরাও হব বরণীয়।  
সময়-সাগর তীরে পদাঙ্ক অঙ্কিত করে  
আমরাও হব হে অমর;  
সেই চিহ্ন লক্ষ্য করে অন্য কোনো জন পরে  
যশোদ্বারে আসিবে সত্বর।  
করো না মানবগণ বৃথা ক্ষয় এ জীবন  
সংসার-সমরাঙ্গন মাঝে,  
সংকল্প করেছ যাহা সাধন করহ তাহা  
রত হয়ে নিজ নিজ কাজে।

অথবা,

খ) সারাংশ লিখুন:-

প্রকৃত জ্ঞানের স্পৃহা না থাকলে শিক্ষা ব্যর্থতায় পর্যবসিত হয়। তখন পরীক্ষা পাশ করাটাই বড় হয় এবং পাঠ্যপুস্তকের পৃষ্ঠায় জ্ঞান সীমাবদ্ধ থাকে। এই কারণে পরীক্ষা পাশ করা লোকের অভাব নেই আমাদের দেশে, কিন্তু অভাব আছে জ্ঞানের। যেখানেই পরীক্ষা পাশের মোহ তরুণ ছাত্র-ছাত্রীদের উৎকর্ষিত রাখে, সেখানেই জ্ঞান নির্বাসিত জীবনযাপন করে। একটি স্বাধীন জাতি হিসেবে জগতের বুকে পরিচয় লাভ করতে হলে জ্ঞানের প্রতি তরুণসমাজকে আকৃষ্ট করতে হবে। পরীক্ষা পাশের মোহ থেকে মুক্ত না হলে তরুণসমাজের সামনে কখনোই জ্ঞানের দিগন্ত উন্মোচিত হবে না।

০৪। নিচের প্রশ্নগুলো সংক্ষিপ্ত উত্তর দিনঃ-

৩×১০ = ৩০

- (ক) চর্যাপদের ভাষা সম্পর্কে ধারণা দিন।  
(খ) বাংলা সাহিত্যের ইতিহাসে 'অন্ধকার যুগ'-এর অস্তিত্ব সম্পর্কে আপনার অভিমত ব্যক্ত করুন।  
(গ) চন্দ্রাবতী রচিত রামায়ণ সম্পর্কে লিখুন।  
(ঘ) জোড়াসাঁকো ঠাকুরবাড়ির কবি-লেখকদের সম্পর্কে সংক্ষিপ্ত ধারণা দিন।  
(ঙ) একুশ শতকের বাংলাদেশে নজরুল পাঠের প্রাসঙ্গিকতা ব্যাখ্যা করুন।  
(চ) বাংলা কবিতার 'পঞ্চপাণ্ডব' কারা? কেন এরূপ বলা হয়?  
(ছ) 'বাংলাদেশের সাহিত্য' বলতে কী বোঝেন?  
(জ) বং থেকে বাংলা গ্রন্থটি সম্পর্কে লিখুন।

(ঝ) শাহ আবদুল করিমের গান সম্পর্কে সংক্ষেপে লিখুন।

(ঞ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচিত তিনটি গ্রন্থের প্রকাশনা সম্পর্কিত তথ্যসমূহ লিখুন।

০৫। বাংলা অনুবাদ করুন:

১৫

In Roman mythology, although Hercules was seen as the champion of the weak and a great protector, his personal problems started birth. Juno sent two witches to prevent the birth, but they were tricked by one of Alcmene's servants and sent to another room. Juno then sent two serpents to kill him in his cradle, but Hercules strangled them both. In one version of myth, Alcmene abandoned her baby in the woods in order to protect him from Juno's wrath, but he was found by the goddess Minerva who brought him to Juno, claiming he was an orphan child left in the woods who needed nourishment.

৬। ইউক্রেন-রশিয়া যুদ্ধের ফলে টালমাটাল বিশ্ব-অর্থনীতির মন্দার শিকার একজন বাংলাদেশী শ্রমিকের সঙ্গে একজন অর্থনীতিবিদের কাল্পনিক সংলাপ রচনা করুন।

১৫

৭। (ক) পদ্মা সেতু বিষয়ে একজন বিদেশি বন্ধুকে ব্যক্তিগত অনুভূতিসূচক একটি চিঠি লিখুন।

১৫

অথবা,

(খ) স্থানীয় পর্যায়ের একজন সরকারি কর্মকর্তা হিসেবে সাধারণ মানুষের স্বাস্থ্যঝুঁকি সম্পর্কে প্রতিরোধমূলক ব্যবস্থাগ্রহণের সুপারিশ করে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর একটি চিঠি লিখুন।

৮। বাংলাদেশের জাতীয় চেতনামূলক যে-কোনো একটি উপন্যাসের উপর সমালোচনামূলক নিবন্ধ লিখুন।

১৫

০৯। যে কোন একটি বিষয়ে প্রবন্ধ লিখুন:

৪০

(ক) আমার ছেলেবেলা

(খ) আত্মশক্তি

(গ) দক্ষিণবঙ্গের উন্নয়ন স্বপ্ন

(ঘ) বাংলাদেশের পুরাকীর্তি

(ঙ) কক্সবাজার